নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.১৯-২১৯

তারিখ: ০৭ চৈত্র ১৪২৫
২১ মার্চ ২০১৯

# পরিপত্র

**বিষয়: ৫ম উপজেলা পরিষদ নির্বাচনের ৩য় ও ৪র্থ পর্যায়ের ১০টি উপজেলার সকল কেন্দ্র হতে Tab এর মাধ্যমে ফলাফল প্রেরণ**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৫ম উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন (৩য় পর্যায়) এর ৪ (চার) টি এবং (৪র্থ পর্যায়) এর ০৬ (ছয়) টি উপজেলার সকল কেন্দ্র হতে Tab ব্যবহার করে Software এর মাধ্যমে ভোট কেন্দ্রের সার্বিক সচিত্র প্রতিবেদন এবং ভোটগ্রহণ শেষে ফলাফল প্রেরণ করা হবে। **উপজেলাসমূহ:**

| ক্রমিক | উপজেলা | কেন্দ্রের সংখ্যা |
|---|---|---|
| ১. | মেহেরপুর সদর | ৭৭ |
| ২. | মানিকগঞ্জ সদর | ১০২ |
| ৩. | গোপালগঞ্জ সদর | ১১৪ |
| ৪. | রংপুর সদর | ৪৭ |
| ৫. | কক্সবাজার সদর | ১০৮ |
| ৬. | বাগেরহাট সদর | ৯১ |
| ৭. | ফেনী সদর | ১২৭ |
| ৮. | মুন্সীগঞ্জ সদর | ১১৬ |
| ৯. | ময়মনসিংহ সদর | ১০০ |
| ১০. | পটুয়াখালী সদর | ৮৯ |

২। সংশ্লিষ্ট উপজেলার রিটার্নিং অফিসার উক্ত উপজেলার সকল কেন্দ্রের প্রিজাইডিং অফিসারকে একটি করে Tab বিতরণ করবেন। উক্ত Tab এ Center Result Dissemination and Reputing (CRDR) নামে একটি অ্যাপ্লিকেশন থাকবে। প্রত্যেক প্রিজাইডিং অফিসারকে ইউজার নেম ও পাসওয়ার্ড প্রদান করা হবে। উক্ত ইউজার নেম ও পাসওয়ার্ড দিয়ে অ্যাপ্লিকেশনে প্রবেশ করতে হবে। এই অ্যাপ্লিকেশনের মাধ্যমে প্রিজাইডিং অফিসার দুই ঘন্টা অন্তর অন্তর ভোটকেন্দ্রের প্রতিবেদন (প্রয়োজনে সচিত্র) প্রেরণ করবেন। পরবর্তীতে ভোটগ্রহণ শেষে ভোট গণনার পর প্রাপ্ত ফলাফল, ফলাফল বিবরণী ফরম (ফরম ঞ, ফরম ঞ১, ফরম ঞ২) এ লিপিবদ্ধ করবেন। একই সাথে তিনি Tab এর অ্যাপ্লিকেশনে প্রাপ্ত ফলাফল এন্ট্রি করবেন এবং প্রিজাইডিং অফিসারের স্বাক্ষরকৃত ফলাফল বিবরণীর ছবি তুলে Tab এর ফলাফলের সাথে সংযুক্ত করে প্রেরণ করবেন। এতে করে রিটার্নিং অফিসার তৎক্ষণাৎ উক্ত কেন্দ্রের ফলাফল তার জন্য নির্ধারিত RMS-এর পোর্টালে দেখতে পাবেন।

৩। প্রিজাইডিং অফিসার ভোটকেন্দ্রের মালামাল এর সাথে Tab রিটার্নিং অফিসারের কার্যালয়ে ফেরত দিবেন। নির্বাচনের পর রিটার্নিং অফিসার Tab সমূহ সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার এর নিকট হস্তান্তর করবেন এবং উপজেলা নির্বাচন অফিসার এসকল Tab সমূহ তার অফিসে সংরক্ষণ করবেন।

৪। উপজেলায় ট্যাব ব্যবহারে কোনো জটিলতা বা সমস্যার সম্মুখীন হলে তা নিরসনের জন্য Computer Services Limited এর পক্ষ থেকে ০২ (দুই) সদস্যের একটি মোবাইল টীম উপজেলায় অবস্থান করবে। তারা যেন কেন্দ্রে প্রবেশ করে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে পারে সেজন্য এসকল ব্যক্তিকে প্রয়োজনীয় অনুমতি প্রদান করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া ইভিএম এর জন্য কেন্দ্রে নিয়োজিত কারিগরী সদস্য প্রিজাইডিং অফিসারকে ট্যাব পরিচালনায় সহায়তা করবেন।

২১/৩/১৯

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
e-mail: sasemc1@gmail.com

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক),.................ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ......................
ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)।

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.১৯-২১৯ তারিখ: ০৭ চৈত্র ১৪২৫ / ২১ মার্চ ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪. সিনিয়র সচিব, ........................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ........................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, .................................... (সকল)
১২. পুলিশ কমিশনার, ................................. (সংশ্লিষ্ট)
১৩. উপমহাপুলিশ পরিদর্শক, ............................... রেঞ্জ (সকল)
১৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৭. যুগ্মসচিব (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. জেলা প্রশাসক, ...................................(সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৯. পুলিশ সুপার, ................................. (সংশ্লিষ্ট)
২০. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ................ (সকল)
২১. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২২. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ..................... (সংশ্লিষ্ট)
২৩. উপজেলা নির্বাহী অফিসার, ........................................................... (সংশ্লিষ্ট)
২৪. ........................................................................................ ও সহকারী রিটার্নিং অফিসার
২৫. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ............................................. (সংশ্লিষ্ট)
২৬. জেলা তথ্য অফিসার, ........................................................... (সংশ্লিষ্ট)
২৭. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ -এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩০. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩১. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ................................ (সংশ্লিষ্ট)
৩২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, .................................................. (সংশ্লিষ্ট)
৩৩. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

২১/০৩/১৯

**(মোহাম্মদ আশফাকুর রহমান)**
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৫৫৯
মোবাইল-০১৫৫০০৪২০৮১
e-mail:sas_emc2@ecs.gov.bd